



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
প্রকাশনা শাখা

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৬.০০০০.১০২.১০.০০২.২২.২৬

বিষয়: 'মাতৃভাষা পত্রিকা' প্রকাশের জন্য গবেষণা-প্রবন্ধ আহ্বান।

প্রিয় মহোদয়,

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নিয়মিত রিভিউড গবেষণা জার্নাল হচ্ছে *মাতৃভাষা পত্রিকা*। এই গবেষণা পত্রিকার পরবর্তী সংখ্যা (১১তম বর্ষ: ১ম সংখ্যা, জানুয়ারি-জুন ২০২৫) প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ জার্নালে প্রকাশের জন্য নিম্নে উল্লিখিত অনুচ্ছেদ ২ ও ৩-এ বর্ণিত বিষয়াদি অনুসরণে প্রস্তুতকৃত প্রবন্ধ প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করছি।

০২. প্রেরিতব্য প্রবন্ধ নিম্নলিখিত বিষয়াশ্রয়ী হতে পারে:

- বাংলাদেশ ও বহির্বিদেশের মাতৃভাষা পরিস্থিতি;
- টেকসই উন্নয়ন ও মাতৃভাষা;
- ল্যাঙ্গুয়েজ অ্যান্ড জেন্ডার;
- মাতৃভাষা ও ভাষাবিজ্ঞান;
- মাতৃভাষা ও বিজ্ঞান;
- সমাজ ভাষাবিজ্ঞান;
- বাংলাদেশের ভাষানীতি ও ভাষাব্যবস্থাপনা;
- সাহিত্য ও ভাষা;
- গণমাধ্যম ও মাতৃভাষার ব্যবহার;
- শিক্ষা-পরিকল্পনায় মাতৃভাষার গুরুত্ব;
- ভাষা ও সংস্কৃতি;
- বহুভাষিক রাষ্ট্রে ভাষিক বৈচিত্র্য সংরক্ষণ ও শিক্ষা কার্যক্রমে ভাষাপরিকল্পনা;
- ভাষার নথিবদ্ধকরণ (Documentation), ভাষা-সংরক্ষণ (Preservation) ও প্রমিতায়ন (Standardization), মাতৃভাষায় অভিধান প্রণয়ন, শিশুপাঠ্য বই (Primer) রচনা ও শিক্ষক প্রশিক্ষণে মাতৃভাষার ব্যবহার;
- লিখনব্যবস্থা নেই এমন মাতৃভাষার লিখনব্যবস্থা প্রবর্তন, মাতৃভাষার ধ্বনিতত্ত্ব (Phonology), রূপতত্ত্ব (Morphology), বাক্যতত্ত্ব (Syntax) ও বাগর্থতত্ত্ব (Semantics)।

০৩. প্রবন্ধ রচনায় নিম্নলিখিত নির্দেশনা অনুসরণীয়:

- প্রবন্ধ অবশ্যই বাংলা ভাষায় লিখিত, অপ্রকাশিত ও মৌলিক হতে হবে;
- লেখা SuttonyOMJ/Nikosh (Unicode) ফন্টে হতে হবে;
- প্রবন্ধের সঙ্গে ইংরেজিতে Abstract বা সারসংক্ষেপ (ন্যূনাধিক ১৫০-২০০ শব্দ) ও মূলশব্দ (Key words) বাংলা ও ইংরেজিতে থাকতে হবে;
- Font size 12, Line space single, প্রথম লাইন 0.25 Indent এবং উদ্ধৃতি Indent 0.5 হবে।
- লেখকের সংক্ষিপ্ত পরিচিতি, ঠিকানা, ই-মেইল ও ফোন নম্বর থাকতে হবে;
- প্রকাশিত প্রবন্ধের জন্য লেখককে আমাই নির্ধারিত সম্মানি প্রদান করা হবে;
- নির্বাচিত কোনো প্রবন্ধ স্থানাভাবে প্রকাশ করা সম্ভব না হলে তা পরবর্তী সংখ্যায় প্রকাশিত হবে;
- প্রবন্ধ লেখার ক্ষেত্রে আমাই কর্তৃক নির্ধারিত রেফারেন্স অবশ্যই অনুসরণ করতে হবে। অন্যথায় লেখা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য বিবেচনা করা হবে না। আমাইয়ের রেফারেন্স পদ্ধতি www.imli.gov.bd ঠিকানায় প্রকাশনা অংশে দেওয়া আছে। এছাড়া নিচে নমুনা দেওয়া আছে।

উদাহরণ: ১. একক লেখকের ক্ষেত্রে

সরকার, পবিত্র। (১৪০৫)। *ভাষা, দেশ, কালা* মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ: কলিকাতা।

২. দুইজন লেখকের ক্ষেত্রে

চৌধুরী, দুলাল ও সেনগুপ্ত, পল্লব। (২০০৪)। *লোকসংস্কৃতির বিশ্বকোষ* পুস্তক বিপণি: কলকাতা।

৩. দুইয়ের অধিক লেখকের ক্ষেত্রে

খান, শামসুজ্জামান, ইসলাম, আজহার ও হোসেন, সেলিনা (সম্পা.)। (১৯৮৫)। *ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ স্মারকগ্রন্থ* বাংলা একাডেমি: ঢাকা।

৪. সম্পাদিত গ্রন্থ থেকে প্রবন্ধ

রফিক, আহমদ। (২০২১)। ভাষা ও শব্দের ইতিহাস-প্রতিমা। সাজ্জাদ আরেফিন (সম্পা.), *একুশের কবিতা পরিচয়* প্রথম খণ্ড। বাংলা একাডেমি: ঢাকা।

৫. গবেষণা জার্নাল থেকে প্রবন্ধ

চট্টোপাধ্যায়, সুনীতিকুমার। (১৩২৪)। আরবী ও ফারসী নামের বাঙ্গালা লিপ্যন্তর। *সাহিত্য পরিষৎ পত্রিকা*, ২৪শ ভাগ (১৩২৪), ২১৩-২৫২। [১৯১৭]

৬. লেখকহীন সংস্থা বা প্রতিষ্ঠান

সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন অ্যান্ড সোশ্যাল সায়েন্স [কারাস]। (২০২১)। *জীবনযুদ্ধে নারী মুক্তিযোদ্ধা* ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৭. একই বছরে একই লেখকের প্রকাশিত একাধিক প্রকাশনা

হক, সৈয়দ শামসুল। (১৯৯১ক)। *খেলারাম খেলে যা* মাওলা ব্রাদার্স: ঢাকা।

হক, সৈয়দ শামসুল। (১৯৯১খ)। *মেঘ ও মেশিন* মাওলা ব্রাদার্স: ঢাকা।

হক, সৈয়দ শামসুল। (১৯৯১গ)। *ইহা মানুষ শিখা* প্রকাশনী: ঢাকা।

৮. অনলাইন/ইন্টারনেট উৎস থেকে

ক. রায়, কৃষ্ণা। (জানুয়ারি ৯, ২০২২)। সৃজনশিল্পী: রবীন্দ্রনাথ ঠাকুর, প্রিয়ম্বদা দেবী এবং ওকাকুরা কাকুজো। *দৈনিক আনন্দবাজার* প্রবেশ ৭ই জুলাই ২০২৪,

https://www.anandabazar.com/rabibashoriyo/special-write-up-about-priyam_vada-devi-and-his-love-towards-rabindranath-tagores-poem/cid/1322644

৯. লেখকহীন এবং তারিখহীন উল্লেখ

Pet therapy. (n.d.). Retrieved from http://www.holisticonline.com/stress/stress_pet-therapy.htm

১০. ব্লগ পোস্ট থেকে

আহমেদ, বখতিয়ার। (২০১৩)। ভাষা সংস্কৃতি ও জাতিসত্তা প্রশ্নে আমাদের জাতিরাত্ত্ব। [ব্লগ পোস্ট]। নেয়া হয়েছে ৪ ডিসেম্বর, ২০২৪, <https://rashtrochinta.org/blog-post/ভাষা-সংস্কৃতি-ও-জাতিসত্তা/>

১১. অভিধান থেকে

ক. সরাসরি অভিধান

বিশ্বাস, শৈলেন্দ্র (সঙ্ক.)। (১৯৯৮)। *সংসদ বাংলা অভিধান* (দ্বাবিংশতম মুদ্র.)। সাহিত্য সংসদ, কলিকাতা

খ. অনলাইন

Cambridge dictionaries online. (2011). Retrieved from <http://dictionary.cambridge.org/>

১২. ভিডিও/ডিভিডি/ইউ টিউব থেকে

ক. Gardiner, A., Curtis, C., & Michael, E. (Producers), & Waititi, T. (Director). (2010). *Boy: Welcome to my interesting world* [DVD]. New Zealand: Transmission.

১৩. ম্যাগাজিন/সাময়িকী থেকে

করিম, মীর রেজাউল। (২০২৪)। এত বিশ্ববিদ্যালয় দিয়ে কী হবে? পড়েই বা কী লাভ হচ্ছে? *দৃষ্টি*, ১।

১৪. দৈনিক পত্রিকা থেকে

ক. রহমান, মিজানুর। (মার্চ, ২০২২)। ১৩৫ মনের মুক্তিযোদ্ধা সনদের তথ্যে গরমিল। *দৈনিক প্রথম আলো*, পৃ. ৩।

খ. ইউক্রেন যুদ্ধে বিদেশি যোদ্ধা পাঠাচ্ছে পুতিন। (২০২২, মার্চ ১৩)। *দৈনিক প্রথম আলো*, পৃ. ৭।


১৫. অপ্রকাশিত অভিসন্দর্ভ

ক. নেছা, করিম। (২০১৪)। বাংলা কোড সংহিতা: একটি সমাজভাষাজ্ঞানিক গবেষণা (অপ্রকাশিত এমফিল অভিসন্দর্ভ), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১৬. পুস্তিকা/ব্রোশিউর/বুকলেট

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (২০১০)। *International Mother Language Institute (IMLI)* [ব্রোশিউর]। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট: ঢাকা।

০৪. *মাতৃভাষা পত্রিকা*-র উল্লিখিত সংখ্যার জন্য আগামী ৩০শে এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে প্রবন্ধের সফট (Soft) কপি (MS word এবং PDF উভয় ফরম্যাটে) imli.moebd@gmail.com, ddpublication2001@gmail.com, adpublication2001@gmail.com, pofficer2001@gmail.com ঠিকানায় প্রেরণসহ ০২ (দুই) সেট মুদ্রিত (Hard) কপি পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (শহিদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক সেগুনবাগিচা, ঢাকা ১০০০) বরাবর পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।



১৬-০২-২০২৫

অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক/রেজিস্ট্রার/পরিচালক/চেয়ারম্যান/অধ্যক্ষ।
- ২। জনাব

